

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলী, সওজ'র কার্যালয়
সড়ক বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া।
ফোন- ৫৯৬৩২
eebra@rhd.gov.bd


স্মারক নং- ২৩৯০

তারিখঃ ২৫/০৭/১৮

বিষয়: GRS 9400 : ব্রাহ্মণবাড়িয়ায় উত্থাপিত কুমিল্লা (ময়নামতি) – ব্রাহ্মণবাড়িয়া (সরাইল) (এন-১০২) সড়কের
(ব্রাহ্মণবাড়িয়া অংশের) বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা (ময়নামতি) – ব্রাহ্মণবাড়িয়া (সরাইল) (এন-১০২) সড়কের চলমান ও সমাপ্ত কাজ
সমূহের প্রতিবেদন তাঁর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পেশ করা হলো।

সংযুক্ত :- বর্ণনামতে।


(আবু এহতেশাম রাশেদ)
পরিচিতি নং- ০০১০২১
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া।

বরাবর

নির্বাহী প্রকৌশলী, সওজ
তদন্ত বিভাগ
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

" কুমিল্লা (ময়নামতি) – ব্রাহ্মণবাড়িয়া (সরাইল) (এন-১০২) সড়কের প্রতিবেদন "


আশুগঞ্জ নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ক প্রকল্পটি গত ১৬/০৬/২০১৭খ্রিঃ তারিখ অনুষ্ঠিত একনেক (ECNEC) সভায় অনুমোদিত হয়। প্রকল্পে কুমিল্লা (ময়নামতি) – ব্রাহ্মণবাড়িয়া (সরাইল) (এন-১০২) সড়কের চেইং ৫৪+০০০মিঃ হতে চেইং ৮১+০৫৪মিঃ পর্যন্ত মোট ২৪.২০ কিঃমিঃ সড়কাংশ আশুগঞ্জ নদীবন্দর- সরাইল- ধরখার- আখাউড়া স্থলবন্দর মহাসড়ক প্রকল্পে অন্তর্ভুক্ত করা হয়েছে। অন্তর্ভুক্ত ২৪.২০ কিঃমিঃ এর মধ্যে Maintenance during construction এর আওতায় ১৮.০৭৪ কিঃমিঃ সড়কাংশের দরপত্র আহ্বান করে ১৩/০৫/২০১৮ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। Loc এর আওতায় কার্যাদেশ প্রদান করার পর বর্তমানে কাজটির ৫.৫০ কিঃমিঃ অংশ সার্ফেসিং সহ সড়কের বিভিন্ন অংশে পটহোলস মেরামত কাজ চলমান রয়েছে। এছাড়াও ৩.০০ কিলোমিটার অংশে বেইজ টাইপ-১ দ্বারা মজবুতীকরণ কাজ সম্পন্ন হয়েছে।

অনুমোদিত আশুগঞ্জ নদীবন্দর হতে আখাউড়া স্থলবন্দর প্রকল্প হতে চেইং ৬৭+৮০০মিঃ হতে চেইং ৭১+৬০০মিঃ পর্যন্ত মোট ৩.৮০ কিঃমিঃ সড়কাংশ বাদ পড়ে যাওয়ায় ADP (Annual Development Programme) এর আওতায় চেইং ৬৭+৮০০মিঃ হতে চেইং ৭১+৬০০মিঃ পর্যন্ত মোট ৩.৮০ কিঃমিঃ সড়কাংশ জাতীয় মহাসড়কমানে ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্পে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং কার্যাদেশ প্রদান করা হয়েছে। কাজটির ৩.০০ কিলোমিটার পর্যন্ত সার্ফেসিং (DBS Base) এর কাজ সম্পন্ন হয়েছে এবং বাকী ০.৮০ কিলোমিটার পুনঃনির্মাণ অংশে বেইজ টাইপ-১ এর কাজ সম্পন্ন হয়েছে।

অবশিষ্ট চেইং ৪৩+৫৬০মিঃ হতে চেইং ৫৩+৯৬৬মিঃ পর্যন্ত = মোট ১০.৪০৬ কিলোমিটার মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত সড়কাংশটি পিএমপি মাইনর খাত হতে মেরামত করলে টেকসই হবে না বিধায় পিএমপি (সড়ক) এ অন্তর্ভুক্ত করা হয়েছে। চেইং ৪৩+৫৬০মিঃ হতে চেইং ৫৩+৯৬৬মিঃ পর্যন্ত = মোট ১০.৪০৬ কিলোমিটার সড়কাংশে পুনর্নির্মাণ, মজবুতীকরণ ও ওভারলে কাজ অন্তর্ভুক্ত করে দরপত্র আহ্বান করে কার্যাদেশ প্রদান করা হয়েছে। সড়কটির ২.৯৩০ কিলোমিটার পুনর্নির্মাণ এবং ৬.৩০৮ কিলোমিটার মজবুতীকরণ কাজ অন্তর্ভুক্ত আছে। সড়কটির ১.৫০ কিলোমিটার পুনর্নির্মাণ, ৫.০০ কিলোমিটার মজবুতীকরণ সহ এবং ২.০০ কিলোমিটার সার্ফেসিং (ডিবিএস বেস) কাজ সম্পন্ন হয়েছে। বর্তমান সময়ের দীর্ঘমেয়াদী বর্ষণের ফলে সড়কের সার্ফেসিং এর কাজ করা সম্ভব হচ্ছে না। আবহাওয়া অনুকূলে হলে সার্ফেসিং এর কাজ শুরু করা হবে।

২০১৫-২০১৬ অর্থ বছরে চেইং ৪০+০০০মিঃ হতে চেইং ৪৩+৫৬০মিঃ এবং চেইং ৫৪+২০০মিঃ হতে চেইং ৫৭+৪০০মিঃ পর্যন্ত মোট = ৬.৭৬০ কিঃমিঃ এ আংশিক পুনর্নির্মাণ, পুনর্বাসন, প্রশস্তকরণ, মজবুতকরণ এবং ওভারলে কাজ সম্পন্ন করা হয়েছে।

ঈদের আগে কাজগুলো সম্পন্ন হবে না। কিন্তু যান চলাচলের উপযোগী থাকবে।


(আবু এহতেশাম রাশেদ)
পরিচিতি নং- ০০১০২১
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া।